

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৬১৫

আগরতলা, ১ ফেব্রুয়ারি, ২০২৫

আইজিএম হাসপাতালে বক্ষ্যাত্বকরণ শিবির



আইজিএম হাসপাতালে গত ২৭ জানুয়ারি ল্যাপারোস্কপিক লাইগেশন বা বক্ষ্যাত্বকরণ শিবির অনুষ্ঠিত হয়। আইজিএম হাসপাতালের স্ত্রী ও প্রসূতি বিভাগের বিশেষজ্ঞ সার্জনগণ উক্ত অস্ত্রোপচার করেন। বক্ষ্যাত্বকরণ শিবিরে এদিন সাতজন মায়ের লাইগেশন বা বক্ষ্যাত্বকরণ করা হয়। এই অস্ত্রোপচারে ছিলেন আইজিএম হাসপাতালের স্ত্রী ও প্রসূতি বিভাগের বিশেষজ্ঞ চিকিৎসক সার্জন ডাঃ দেবদুলাল দাস, অ্যানেস্থেসিওলজিস্ট ছিলেন ডাঃ সোমেন্দ্র দেববর্মা ও ডাঃ অনুপ কুমার নাহা। এছাড়াও উক্ত অস্ত্রোপচারে নার্সিং অফিসার ছিলেন দীপ্তি গোপ, এবং ওটি টেকনিশিয়ান ছিলেন শুল্লা দেববর্মা। ভারপ্রাপ্ত স্বাস্থ্য অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
